

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৬শে ফাল্গুন, ১৪০৫ বাৎ/ ১০ইং মার্চ, ১৯৯৯ইং

এস,আর,ও নং ৫৪-আইন/৯৯/২০০-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ [ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতবা] এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজন করের ভিত্তিতে কর ধার্যকরন (বিশেষ) বিধিমালা, ১৯৯৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার টেবিলের কলাম (১) এর অধীন শিরনামা সংখ্যা So২৯ এর বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ বর্ণিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নবর্ণিত এন্ট্রিসমূহ যথাক্রমে কলাম (২), (৩) ও (৪) এ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"So২৯	So২৯.১০	চিকিৎসা প্রতিষ্ঠান	চিকিৎসা প্রতিষ্ঠানের সীট ভাড়া, খাবার পরিবেশনের উপর চার্জ, অপারেশন থিয়েটার চার্জ, অস্ত্রোপচারের জন্য প্রাপ্ত চার্জ, এনেসথেসিয়া প্রদানের জন্য প্রাপ্ত চার্জ, এক্সরের জন্য প্রাপ্ত চার্জ, ডাক্তার কর্তৃক প্রদত্ত ব্যবস্থা পত্র প্রদানের বিনিময়ে প্রদত্ত ফি, ইত্যাদি সমন্বয়ে প্রাপ্ত সমুদয় অর্থের কুড়ি শতাংশ পরিমাণ অর্থ।
	So২৯.২০	প্যাথলজিক্যাল ল্যাবরেটরী	সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের কুড়ি শতাংশ পরিমাণ অর্থ।"

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে.

স্বাক্ষরিত/-

(ডঃ মোঃ রফিকুল ইসলাম)

প্রথম সচিব

মুসকঃ নীতি নির্ধারণ ও বাজেট